



বেল কেটি মধ্যাহ্ন অন্ন উত্থিদিন  
**যায়যায়দিন**  
১৯৮৪ সালে

যায়যায়দিন, ০৪-০৭-২০২৪, পৃষ্ঠা- অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ফারহানা ফেরদৌসীর  
আন্তর্জাতিক অঙ্গনে অনন্য সাফল্য



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ফারহানা ফেরদৌসীর আন্তর্জাতিক অঙ্গনে অনন্য সাফল্য

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিভাগের চেয়ারপারসন ড. ফারহানা ফেরদৌসীর 'অ্যাক্রেডিটেশন কাউন্সিল ফর বিজনেস স্কুলস অ্যান্ড প্রোগ্রামস' (এসিবিএসপি) কর্তৃক প্রদত্ত ২০২৪-এর জন্য সম্মানজনক 'টিচিং এক্সেলেন্স অ্যাওয়ার্ড'-এ ভূষিত হয়েছেন। এসিবিএসপি প্রদত্ত এই মর্যাদাপূর্ণ পুরস্কারটি ব্যবসায় প্রশাসন শিক্ষাক্ষেত্রে অসামান্য দক্ষতা ও অবদান রাখা শিক্ষাবিদদের প্রদান করা হয়। গত ২৭-২৯ জুন মার্কিন যুক্তরাষ্ট্রের মিয়ামিতে অনুষ্ঠিত এসিবিএসপি'র বার্ষিক সভায় অধ্যাপক ফেরদৌসীকে এই পুরস্কার প্রদান করা হয়। পাশাপাশি ড. ফেরদৌসীকে এসিবিএসপি'র (রিজিয়ন ১০)-এর কার্যনির্বাহী কমিটির কোষাধ্যক্ষ পদে নির্বাচিত করা হয়েছে। (রিজিয়ন ১০)-এ বাংলাদেশসহ এশিয়া মহাদেশের ১৬টি দেশ অন্তর্ভুক্ত রয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি

অধ্যাপক ফেরদৌসীকে এই অসামান্য অর্জনের জন্য আন্তরিক অভিবাদন এবং ভবিষ্যতে আরও সাফল্যের জন্য শুভকামনা জানিয়েছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। সংবাদ বিজ্ঞপ্তি